

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩১৫৩

পর্ব-১৩: বিবাহ (১১১। ১১১)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - বিয়ের প্রচার, প্রস্তাব ও শর্তাবলী প্রসঙ্গে

আরবী

وَعَنْ مُحَمَّدِ بْنِ حَاطِبِ الْجُمَحِيِّ عَنِ النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: فَصلَ مَا بَيْنَ الْحَلَالِ وَالْحَرَامِ: الصَّوْتُ وَالدُّفُّ فِي النِّكَاحِ . رَوَاهُ أَحْمد وَالتِّرْمِذِيِّ وَالنَّسَائِيِّ وَابْن مَاجَه

বাংলা

৩১৫৩-[১৪] মুহাম্মাদ ইবনু হাত্বিব আল জুমাহী হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ হালাল ও হারাম বিয়ের মধ্যে পার্থক্য হলো উচ্চৈঃস্বর ও দফ বাজানো। (আহমাদ, তিরমিয়ী, নাসায়ী, ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] হাসান : নাসায়ী ৩৩৬৯, তিরমিয়ী ১০৮৮, ইবনু মাজাহ ১৮৯৬, আহমাদ ১৮২৭৯, ইরওয়া ১৯৯৪, সহীহ আল জামি' ৪২০৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এখানে الصَّوْتُ (উচ্চৈঃস্বর) দারা উদ্দেশ্য হলো বৈধ গান, অর্থাৎ (যে গানগুলোতে অহেতুক কথা, প্রেম বিনিময়, অশ্লীল বাক্য ও এমন কথা যাতে শির্ক রয়েছে, এমন কোনো কথা না থাকা)। কেননা বৈধ গান দফ বাজানোর মাধ্যমে বাসর উপলক্ষেয গাওয়া জায়িয। আর রুবায়ই বিনতু মু'আবিবয বর্ণিত হাদীস এটার উপর প্রমাণ করছে। আর এটা সহীহ হাদীস যা বুখারী বর্ণনা করেছেন। তাতে রয়েছে যে, বালিকারা দফ বেজে গান গাওয়া শুরু করল এবং বদরের যুদ্ধে আমাদের পিতৃপুরুষ যারা শাহাদাত বরণ করেছেন তাদের স্মরণ করতে লাগল।

সহীহুল বুখারীর অপর বর্ণনায় রয়েছে, 'আয়িশাহ্ (রাঃ) এক মহিলাকে আনসারী এক পুরুষের সঙ্গে বাসরে পাঠালেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হে 'আয়িশাহ্! তোমাদের কাছে কি কোনো গায়িকা ছিল



না? কারণ আনসারীরা তো গান খুব পছন্দ করে। (তুহফাতুল আহওয়াযী ৩য় খন্ড, হাঃ ১০৮৮)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ মুহাম্মদ ইবন হাতিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন